

ইডেনকে বিশ্ববিদ্যালয় দাবি
ছাত্র-শিক্ষক-বুদ্ধিজীবী
সমাবেশে ঐক্যবদ্ধ
আন্দোলনের প্রত্যয়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▶

ইডেন মহিলা কলেজকে বায়তশাসিত পূর্ববঙ্গ বিশ্ববিদ্যালয় করার দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন চলছে। গতকাল ছাত্র-শিক্ষক-বুদ্ধিজীবী সমাবেশে ধারাবাহিকভাবে আন্দোলন চালিয়ে যাওয়া এবং দাবি আদায়ে ঐক্যবদ্ধ থাকার প্রত্যয় ব্যক্ত করা হয়েছে।

সকাল ১১টায় কলেজের প্রধান ফটকের সামনের রাস্তায় শিক্ষার্থীরা ওই সমাবেশের আয়োজন করে। এতে কলেজের পাঁচ-সত্ৰীক শিক্ষার্থী অংশ নেয়। এ সময় তারা বিভিন্ন স্লোগান-সংবলিত ব্যানারে ও ফেস্টুন বহন করে। সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাবেক সহসভাপতি (ডিপি) মাহমুদুর রহমান মামা নাগরিক ঐক্যের পক্ষ থেকে শিক্ষার্থীদের আন্দোলনে সংহতি প্রকাশ করেন। চলচ্চিত্র নির্মাতা মশিউরুদ্দিন শ্যাকের সংহতি প্রকাশ করে। শিক্ষার্থীদের দাবিকে ন্যায্য ও সমাধোপযোগী উল্লেখ করে আন্দোলন চালিয়ে যাওয়ার পরামর্শ দেন। এ ছাড়া সংহতি প্রকাশ করেছেন গণসংগীত শিল্পী মাহমুদুল্লাহান বাবু, শামসুপ্রহার জেংসা, মুক্তিযোদ্ধা ফারুকন বেগম, সোফা দল প্রমুখ।